দৈনিক সংবাদ

তারিখ 1 8 AUG 1987

পৃষ্ঠা ... কলাম 2

054

# ঢাকা বিশ্ববিদ্যালয় অবিলম্বে খোলার দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করা এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য বাংলাদেশ ছাত্র ইউনিয়ন গতকাল সোমবার এক ছাত্র সমাবেশে দাবী জানিয়েছে। সমাবেশের পর একই দাবীতে একটি মিছিল বের করা হয়।

টিএসসি সড়কদ্বীপে অনুষ্ঠিত সমাবেশে মোঃ তাহেরউল্লাহ ও

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

মোস্তাফিজুর রহমান বাবুল বক্তব্য রাখেন এবং ঘোষণা পাঠ করেন অসিতেশ রায়। ঘোষণায় শিক্ষা পরিবেশ পরিষদের নীতিমালা অনুযায়ী ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের শাস্তি দাবী করা হয়। এ ছাড়া ঘোষণায় পরীক্ষার্থীদের অনিশ্চয়তা দূর করার জন্য স্থগিত পরীক্ষাগুলো অবিলম্বে গ্রহণের দাবীও জানানো হয়।

সমাবেশ শেষে সংগঠনের নেতা-কর্মীরা মিছিল সহকারে গিয়ে উপ-উপাচার্যের সাথে দেখা করে তাদের দাবীর কথা জানান।

পরীক্ষা নেয়ার দাবীতে বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগের মাস্টার্স ডিগ্রীর ছাত্রছাত্রীরাও গতকাল পৃথকভাবে উপ-উপাচার্যের সাথে দেখা করে। উভয় ক্ষেত্রেই তিনি জানান, আগামী ২৫শে আগষ্ট অনুষ্ঠেয় একাডেমিক কাউন্সিলের সভায় পরীক্ষাগুলোর ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।

বঙ্গবন্ধু পরিষদের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল এক বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছে।